যুগান্তর

৯/৮/২০০৩

তারিখ ..........
পৃষ্ঠা – ৩ ... কলাম ... ৩ ......

# চাঁদা না-দেয়ায় পরশুরামে স্কুল জ্বালিয়ে দিয়েছে সন্ত্রাসীরা

**ফেনী প্রতিনিধি**

মঙ্গলবার রাতে পরশুরাম উপজেলার দুর্গাপুর গ্রামে একদল সন্ত্রাসী পেট্রোল ঢেলে রওশন কিন্ডারগার্টেন নামের একটি স্কুল জ্বালিয়ে দিয়েছে। এ ব্যাপারে স্কুল কর্তৃপক্ষ পরশুরাম থানায় মামলা রুজু করেছে।

প্রত্যক্ষদর্শীদের বিবরণে জানা যায়, দুর্গাপুর গ্রামের রাজনৈতিক বিরোধ ও চাঁদাবাজির ঘটনা নিয়ে গ্রামের আওয়ামী লীগ ও বিএনপি সমর্থকরা দুই শিবিরে বিভক্ত হয়ে যায়। স্থানীয় আওয়ামী লীগ নেতৃবৃন্দ অভিযোগ করেন, কিছু বখাটে যুবক বিএনপির কর্মী সেজে তাদের কাছে মোটা অংক চাঁদা দাবি করে আসছিল। মঙ্গলবার বিকালে বাপ্পি ও শাহ আলম ভোলা নামের দুই যুবকের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটে। রাতে কে বা কারা রওশন স্কুলগৃহে আগুন ধরিয়ে দিলে স্কুলের ৬টি ক্লাস রুমসহ ৭টি রুম সম্পূর্ণ পুড়ে ছাই হয়ে যায়। স্কুলের অধ্যক্ষ বলেছেন, রাত ১০টার দিকে ৫০ হাজার টাকা চাঁদার দাবিতে স্থানীয় সন্ত্রাসী শাহ আলম ভোলা, আবুল কালাম, নয়ন, তাজুল ইসলাম, রেজাউল করিম নয়নসহ ২০/৩০ যুবক স্কুল ঘরে আগুন ধরিয়ে দেয়. এলাকার লোকজন আগুন নেভাতে গেলে তারা তাদের লক্ষ্য করে বোমা বর্ষণ ও গুলি ছোড়ে। স্কুল কর্তৃপক্ষ এ ব্যাপারে পরশুরাম থানায় মামলা রুজু করেছে।